



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

স্মারক নং :- সিশিবো/পনি/জেএসসি/২০১৯/১৮৮

তারিখঃ ১৭ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
০২ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেরক : পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক : কেন্দ্র সচিব
জে এস সি পরীক্ষা -২০১৯
সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেএসসি পরীক্ষা কেন্দ্র।

বিষয় : ২০১৯ সালের জে এস সি পরীক্ষার প্রস্তুতিমূলক সভায় যোগদান ও সভাশেষে আনুষঙ্গিক মালামাল গ্রহণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের জে এস সি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কেন্দ্রের কেন্দ্র সচিবগণকে নিয়ে এক মতবিনিময় সভা নিম্নে উল্লিখিত তারিখ ও সময়ে সিলেট শিক্ষা বোর্ডের ৩য় তলায় সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট কেন্দ্র সচিবগণকে নির্ধারিত তারিখে উপস্থিত থাকার জন্য এবং সভা শেষে তাঁর কেন্দ্রের আনুষঙ্গিক মালামাল গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। তবে শিক্ষার্থীদের প্রবেশপত্র, হাজিরাশীট, রোলশীট ও রোল স্টিকার যথাসময়ে অনলাইনে প্রদান করা হবে। প্রবেশপত্র কালার প্রিন্টার মেশিনে প্রিন্ট করতে হবে। পরীক্ষা সংক্রান্ত মালামাল গ্রহণের সময় সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক কেন্দ্র সচিবের নমুনা স্বাক্ষর সত্যায়িত প্রাধিকার পত্র জমা দিতে হবে।

উল্লেখ্য গুরুত্বপূর্ণ এ সভায় বিশেষ কারণ ছাড়া কেন্দ্র সচিব ব্যতীত কোন প্রতিনিধির উপস্থিতি কাম্য নয়।

ক্রমিকনং	জেলার নাম	তারিখ	সময়	স্থান
১	সুনামগঞ্জ	১৬/১০/২০১৯	সকাল ১১ টা	সিলেট শিক্ষা বোর্ড সম্মেলন কক্ষ(৩য় তলা)।
২	হবিগঞ্জ	১৭/১০/২০১৯		
৩	মৌলভীবাজার	২০/১০/২০১৯		
৪	সিলেট (জকিগঞ্জ, বিয়ানীবাজার, কোম্পানিগঞ্জ, কানাইঘাট, গোয়াইনঘাট, বিশ্বনাথ, ওসমানীনগর, বালাগঞ্জ ও ফেঞ্চুগঞ্জ উপজেলার কেন্দ্রসমূহ)	২১/১০/২০১৯		
৫	সিলেট (সিলেট সদর, দক্ষিণ সুরমা, গোলাপগঞ্জ, জৈন্তাপুর উপজেলার কেন্দ্রসমূহ)	২২/১০/২০১৯		

বিঃদ্রঃ ২০১৮ সালের জেএসসি এবং ২০১৯ সালের এসএসসি পরীক্ষার টেবুলেশনশীট উল্লেখিত তারিখ সমূহে ৪র্থ তলার পরীক্ষা শাখা থেকে বিতরণ করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


(মোঃ কবির আহমদ)
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

স্মারক নং :- সিশিবো/পনি/জেএসসি/২০১৯/১৮৮

তারিখ : ০২/১০/২০১৯ খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
- ২। সচিব, সিলেট শিক্ষা বোর্ড। (উল্লিখিত তারিখে স্টোর থেকে মালামাল প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। সিস্টেম এনালিস্ট, সিলেট শিক্ষা বোর্ড।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিলেট শিক্ষা বোর্ড।